৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন	(৫৬ তম সভার ৪ নং সিদ্ধান্ত) "জাতীয় খাদ্য গ্রহণ নির্দেশিকা ২০২০" এর ব্যাপক প্রচারের মাধ্যমে মানুষকে পুষ্টিকর ও স্বাস্থ্যসম্মত খাদ্য গ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য সভা, সেমিনার এবং প্রস্তুতকৃত প্রশিক্ষণ ম্যানুয়ালের আলোকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। সেইসাথে এফপিএমইউ কর্তৃক প্রস্তুতকৃত গাইড লাইনের আলোকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ২টিটিভিসি প্রস্তুত করবে।	[২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার/ওয়ার্কশপ/ কর্মসূচি ([২.৫] নিরাপদ খাদ্য বিষয়েটিভিসির মাধ্যমে প্রচার)

ক্রমিক	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'র
৪.	দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা (২০১৬-২০২৫)	**সমন্বিত কর্মকৌশল ছক ৬.২.৩** জীববৈচিত্র্য ও খাদ্যবৈচিত্র্যের জন্য দেশজ ফসল, ফল ও শাকসবজি ব্যবহারে উদ্বুদ্ধ করা। **সমন্বিত কর্মকৌশল ছক ৬.৫.৮** বাংলাদেশ খাদ্য নিরাপত্তা সংস্থার সক্ষমতা বাড়ানো ও কোডেক্স / ইনফোস্যানের সঙ্গে সংযোগ স্থাপন এবং নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য জবাবদিহি বাড়ানো।	[২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার/ওয়ার্কশপ/ কর্মসূচি [৩.১] খাদ্যের নমুনা পরীক্ষা [৩.২] দেশব্যাপি খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন [৩.৭] খাদ্য সংরক্ষণাগার/হিমাগার পরিদর্শন

জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট বা SDGs বাস্তবায়নের লক্ষ্যে এর অভীষ্ট লক্ষ্য এবং লক্ষ্যমাত্রাসমূহের সাথে বাংলাদেশ সরকারের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সমন্বয় করে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের SDGs কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে SDGs কর্মপরিকল্পনার আলোকে বিভিন্ন কার্যক্রম এবং উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ খাদ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে SDGs কর্মপরিকল্পনা বাস্তবায়নে সার্বিক কার্যক্রম পরিচালনা করছে।

২৫. সমঝোতা স্মারক সংক্রান্ত:

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে বর্তমানে ১৮টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং স্থানীয় সরকার বিভাগের প্রায় ৪৮৬টিরও বেশি প্রতিষ্ঠান নিয়োজিত রয়েছে। আবার এসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠানের আওতায় এ বিষয়ে প্রায় ১২০টিরও বেশি আইন, বিধি, নীতিমালা ইত্যাদি রয়েছে। এসবের সমন্বয়ের জন্য ইতোমধ্যে সর্বসম্মতিক্রমে আন্তঃসংস্থা সমন্বয়ের কাঠামো প্রণীত হয়েছে। উক্ত কাঠামোর আওতায় ইতোমধ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, Land O'Lakes Venture 37, Ministry for Primary Industries, New Zealand, Waffen Research Laboratory Limited (WR2L) সহ ১৪টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের সাথে সমঝোতা স্মারকের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ নিম্নোক্ত সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে:

ক্রমিক	নাম	বিষয়	স্বাক্ষরের তারিখ
১.	খাদ্য অধিদপ্তর	Mutual cooperation in the areas of food control	২১ জুন ২০১৭
২.	প্রাণিসম্পদ অধিদপ্তর	Mutual cooperation in the areas of food safety	২৩ অক্টোবর ২০১৭
৩.	মৎস্য অধিদপ্তর	Mutual cooperation in the areas of fisheries food safety	১৮ ফেব্রুয়ারি ২০১৮
৪.	কৃষি বিপণন অধিদপ্তর	Mutual cooperation in the areas of food safety	২৩ এপ্রিল ২০১৮
৫.	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর	জনসাধারণ/ভোক্তাসাধারণের নিকট নিরাপদ ভোগ্য পণ্য বা খাদ্যপণ্য সরবরাহ নিশ্চিতকরণ	১০ জুন ২০১৮
৬.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	Mutual cooperation in the areas of food safety	০৯ জুলাই ২০১৮
৭.	বাংলাদেশ চিংড়ি ও মৎস্য ফাউন্ডেশন	To promote food safety in all segments of the value chains of food productions, especially as such works relate also to the fisheries and aquaculture sector	১৭ ডিসেম্বর ২০১৭
৮.	SNV, Netherlands Development Organization	On Food Safety cooperation.	২৩ জুলাই ২০১৯
৯.	Bangladesh Centre for Advanced Studies (BCAS), Dhaka	Research based findings sharing and mutual collaboration & in the areas of food safety, nutrition, public health and related outreach, public awareness, gender equity, capacity development and governance	২৮ জুন ২০২০
১০.	Land O'Lakes Venture37, regarding cooperation under the USAID funded farmer to farmer food safety and quality (F2F FSQ)	Cooperation under the USAID funded farmer to farmer food safety and quality (F2F FSQ)	৩১ জানুয়ারি ২০২১
১১.	Bangladesh Agro Food Efforts (BSAFE) Foundation	Mutual cooperation in the areas of Research, Public Awareness and Capacity Building of Stakeholders.	২৫ আগস্ট ২০২১

ক্রমিক	নাম	বিষয়	স্বাক্ষরের তারিখ
১২.	Ministry for Primary Industries, New Zealand.	Food safety cooperation	২ নভেম্বর, ২০২১
১৩.	Waffen Research Laboratory Limited (WR2L)	General service	৪ জানুয়ারি, ২০২২
১৪.	Bangladesh Food Safety Authority & Land O'Lakes Venture37 (BTF Project under an agreement of U.S. Department of Agriculture USDA)	কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা	১১ এপ্রিল, ২০২২

বিএফএসএ ও ল্যান্ড ও'লেক ভেনসার -৩৭ এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর শেষে কর্তৃপক্ষের চেয়ারম্যানের মহোদয়েরে সাথে অন্যান্যরা।

বিএফএসএ ও Ministry for Primary Industries, New Zealand এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

বিএফএসএ ও BSAFE ফাউন্ডেশন এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

বিএফএসএ ও Waffen Research Laboratory Limited (WR2L) মধ্যে নিরাপদ খাদ্য বিষয়ক সহযোগিতা প্রদানের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

২৬ .০ কর্তৃপক্ষের গবেষণা ও প্রকল্প সংক্রান্ত কার্যক্রম:

২৬.১ নিরাপদ খাদ্য গবেষণা ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত:

১। কর্তৃপক্ষের মুজিব কর্ণার স্থাপনঃ

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় এবং প্রটিটি জেলা কার্যালয়ে মুজিব কর্নার স্থাপন করা হয়েছে।

২। লাইব্রেরীর জন্য বই/জার্নাল/প্রকাশনা ক্রয়ঃ

২.১) ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের লাইব্রেরীর জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মুক্তিযুদ্ধ এবং বাংলাদেশের ইতিহাস বিষয়ক মোট ২০০টি এবং নিরাপদ খাদ্য সম্পর্কিত মোট ১৫৫টি বই ক্রয় করা হয়েছে । এছাড়া প্রধান কার্যালয় এবং জেলা কার্যালয়ের মুজিব কর্নারে সংরক্ষণের লক্ষ্যে মুক্তিযুদ্ধ এবং বঙ্গবন্ধু সম্পর্কিত মোট ২১৭৬টি বই ক্রয় করা হয়।

২.২) কর্তৃপক্ষের কর্মকর্তাদের কারিগরি এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বি এসটি আই) এর মান উইংয়ের আওতাধীন কৃষি ও খাদ্য বিভাগের বাধ্যতামুলক ৮৮টি বাংলাদেশ মান (বিডিএস) ক্রয় করা হয়।

৩। কর্তৃপক্ষের গবেষণাধর্মী কার্যক্রমঃ

কর্তৃপক্ষ সারাবছরব্যাপী বিভিন্ন বিষয়ে গবেষণাধর্মী কাজ করে থাকে। এক্ষেত্রে বিভিন্ন দেশি বিদেশি সংস্থার সহযোগিতা নেয়া হয়ে থাকে।

৪। কারিগরি কমিটি সংক্রান্ত

কর্তৃপক্ষের ইতোমধ্যে ৬টি কারিগরি কমিটি গঠিত হয়েছে এবং কমিটিসমূহের কার্যক্রম চলমান রয়েছে। কারিগরি কমিটি সংক্রান্ত একটি গাইডলাইন/SOP- এর খসড়া প্রস্তুত করা হয়েছে।

২৬.২ কর্তৃপক্ষের প্রকল্প সংক্রান্ত তথ্য:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে বর্তমানে দুটি প্রকল্প চলমান রয়েছে।

ক) Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Bangladesh Food Safety Authority (STIRC)

খ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প।

প্রকল্প সমূহের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Bangladesh Food Safety Authority (STIRC) শীর্ষক প্রকল্পের তথ্যাদি।

প্রকল্পের উদ্দেশ্যঃ

- বিএফএসএর প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং খাদ্যের নিরাপদতা নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়ন;
- চলমান খাদ্য পরীক্ষা পদ্ধতি পর্যালোচনা এবং খাদ্য পরীক্ষাগারের সহযোগিতা জোরদারকরণ;
- ফুড বিজনেস অপারেটরদের কার্যক্রম তদারকি/মনিটরিং ও তদারকি ব্যবস্থা উন্নতকরণ;
- খাদ্যের নিরাপদতা ব্যবস্থার প্রাতিষ্ঠানিক রূপ প্রদানে সহায়তা প্রদান;
- দেশে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধিকরণ;

- আন্ত:সংস্থা সহযোগিতা এবং সমন্বয় বৃদ্ধিকরণ;
- সামগ্রিক কৌশলগত দিকনির্দেশনা প্রদান; এবং
- বিজ্ঞানভিত্তিক পদ্ধতির সাহায্যে নিরাপদ খাদ্যসংশ্লিষ্ট আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে খাদ্যের নিরাপদতা ব্যবস্থার আধুনিকায়নে সহায়তা করা।

প্রকল্পের সার সংক্ষেপ:

১.	মন্ত্রণালয়	:	খাদ্য মন্ত্রণালয়
২.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৩.	প্রকল্পের নাম	:	"Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Bangladesh Food Safety Authority"
৪.	প্রকল্পের ধরন	:	কারিগরি
৬.	প্রকল্পের উল্লেখযোগ্য কম্পোনেন্ট	:	পরিদর্শন ও পরীবীক্ষণ কার্যক্রম জোরদারকরণ, প্রশিক্ষণ, নিরাপদ খাদ্য বিষয়ক গাইডলাইন, এসওপি (SOP) প্রস্তুত, ল্যাবরেটরি ম্যানুয়াল, প্রমানভিত্তিক মনিটরিং চালুকরণ, নিরাপদ খাদ্য বিষয়ক প্রচার-প্রচারণা সামগ্রী প্রস্তুত এবং প্রচার, ফুড টেস্টিং রেফারেন্স ল্যাবরেটরি প্রতিষ্ঠার জন্য সম্ভাব্যতা ইত্যাদি
৭.	প্রকল্পের প্রত্যাশিত আউটপুট	:	পরিদর্শন ও পরীবীক্ষণ কার্যক্রম জোরদারকৃত, নিরাপদ খাদ্য বিষয়ক গাইডলাইন, এসওপি (SOP) প্রস্তুতকৃত, প্রমানভিত্তিক মনিটরিং চলমান, নিরাপদ খাদ্য বিষয়ক প্রচার-প্রচারণা সামগ্রী প্রস্তুতকৃত এবং প্রচারিত
৮.	প্রকল্প এলাকা (প্রয়োজনে সংযুক্তি ব্যবহার করুন)	:	সারাদেশ
৯.	প্রকল্পের মেয়াদ	:	জুলাই ২০২১ হতে জুন ২০২৬
১০.	প্রাক্কলিত ব্যয়	:	৪২.২২ কোটি টাকা
		:	জিওবি ১২.৪২ কোটি (২৯.৩৯%) + প্রকল্প সাহায্য ২৯.৮১ কোটি টাকা(৭০.৬১%)
১১.	জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	:	৪.৮১ কোটি (জিওবি ০.৫৩ কোটি ও প্রকল্প সাহায্য ৪.২৮ কোটি) টাকা
১২.	প্রযোজ্য ক্ষেত্রে উন্নয়ন সহযোগীর নাম	:	জাইকা

প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:

খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের "Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Bangladesh Food Safety Authority" কারিগরি প্রকল্পটি জাপান সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা জাইকা ও বাংলাদেশ সরকারের অর্থায়নে জুলাই ২০২১ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নে একনেক কর্তৃক অনুমতি লাভ করে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪২.২২ কোটি টাকা, তার মধ্যে সরকারি ব্যয় ১২.৪২ কোটি টাকা এবং জাইকা কর্তৃক প্রদত্ত সাহায্য ২৯.৮১ কোটি টাকা। শতকরা হিসাবে সরকারি ব্যয় ২৯.৩৯% এবং প্রকল্প সাহায্য ৭০.৬১%

১। স্থানীয় প্রশিক্ষণ

মাঠ পর্যায়ে পরিদর্শন, নমুনা সংগ্রহ, পরিবীক্ষণ ও তদারকি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ৯ম গ্রেডের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ আয়োজন করা হবে। এছাড়াও নমুনা সংগ্রহ ও প্রতিবেদন প্রেরণ ব্যবস্থা উন্নয়নের জন্য নিরাপদ খাদ্য পরিদর্শকদের প্রকল্পের আওতায় প্রশিক্ষণ আয়োজন করা হবে। প্রকল্পের আওতায় প্রায় ১০০ জন কর্মকর্তা এবং ৭০০ জন দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক/নমুনা সংগ্রহকারীদের খাদ্য নিরাপদতার বিভিন্ন বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকল্পের জিওবি অংশে ০৫ ব্যাচে কর্মকর্তাদের এবং ১০টি ব্যাচে দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক/নমুনা সংগ্রহ সহকারীদের ToT (Training of Trainers) প্রশিক্ষণ দেয়া হবে। প্রকল্পের জাইকা অংশে ১৮২ ব্যাচে প্রশিক্ষণ দেয়া হবে।

২। বৈদেশিক প্রশিক্ষণ ও শিক্ষা সফর

খাদ্য নিরাপদতা সংক্রান্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা, খাদ্যস্থাপনা পরিদর্শন, খাদ্য পরীক্ষা, পরিবীক্ষণ ও তদারকি কার্যক্রম, নমুনা সংগ্রহ ইত্যাদি বিষয়ে জাপান অথবা অন্যান্য উন্নত দেশে ৬০ জন কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের সুযোগ রয়েছে।

৩। সেমিনার/ওয়ার্কশপ

খাদ্য নিরাপদতা বিষয়ে সকল স্টেকহোল্ডারদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের জাইকা অংশে ০৫টি কেন্দ্রীয় ওয়ার্কশপ, ৩৬টি বিভাগীয় ওয়ার্কশপ এবং জিওবি অংশে ১০টি জেলা পর্যায়ে ওয়ার্কশপ আয়োজিত হবে।

৪। সচেতনতা, প্রচার ও প্রচারণা কার্যক্রম

জনগণের মাঝে নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পোস্টার, বুকলেট, লিফলেট,টিভি ক্লিপ এবং অন্যান্য প্রচার-প্রচারণা সামগ্রী প্রস্তুত এবং প্রচার কার্যক্রম পরিচালনা করা।

৫। ফুড টেস্টিং রেফারেন্স ল্যাবরেটরি প্রতিষ্ঠার জন্য সম্ভাব্যতা যাচাই

এই প্রকল্পের আওতায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিজস্ব সীমানায় একটি অ্যাক্রিডিটেড ফুড টেস্টিং রেফারেন্স ল্যাবরেটরি প্রতিষ্ঠার জন্য সম্ভাব্যতা যাচাই করা হবে।

২০২১-২০২২ অর্থবছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি:

বাংলাদেশ সরকার ও জাইকার সহোযোগিতায় বাস্তবায়নাধীন কারিগরি প্রকল্পটি ২০২১ এর জুনে কার্যক্রম শুরু হয়। ২০২১-২০২২ অর্থবছরে জিওবি খাতে ১২২ (একশত বাইশ) লক্ষ টাকা বাজেট বরাদ্দ ছিল। তার মধ্যে ৬১ (একষট্টি) লক্ষ টাকা অবমুক্ত করা হয় এবং ৫২.৮৬৬ (বায়ান্ন লক্ষ আটশত ছিষট্টি) লক্ষ টাকা ব্যয় হয়। অর্থাৎ জিওবি খাতে অবমুক্ত টাকার ৮৬.৬৬% টাকা ব্যয়িত হয়। অপরদিকে বৈদেশিক সাহায্য বাবদ জাইকা কর্তৃক বরাদ্দকৃত বাজেট ৫৮১.৩২ (পাঁচশত একাশি লক্ষ বত্রিশ হাজার) টাকার পুরোটাই অবমুক্ত হয়। এর মধ্যে ৪২৮.৭৫ (চারশত আটাশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয়িত হয় যা ৭৩.৭৫%।

ভৌত অগ্রগতি:

২০২১-২০২২ অর্থবছরে সরকারিভাবে এ প্রকল্পের আওতায় একটি ওয়ার্কশপ ও একটি প্রশিক্ষণের কার্যক্রম গ্রহীত হয়েছে। দেশের ১১টি জেলায় ফুড টেস্টিং কিড ও কেমিক্যাল সরবরাহ করা হয়েছে। প্রকল্প অফিসের জন্য আসবাবপত্র, কম্পিউটার, ফটোকপিয়ার, প্রিন্টার ও স্ক্যানার সংগ্রহ করা হয়েছে। এছাড়া জনসচেতনতার জন্য ৭ (সাত)টি জনবহুল পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

প্রকল্প সহায়তার আওতায় (জাইকা) দেশি ও বিদেশি কনসালটেন্ট নিয়োগ দেওয়া হয়েছে। দেশের বিভিন্ন জেলায় সেমিনার/ওয়ার্কশপ করা হয়েছে। জনসচেতনতা সৃষ্টির জন্যটিভিসি, পোস্টার, লিফলেট তৈরি ও বিতরণ করা হয়েছে।

প্রকল্প সহযোগী **জাইকা** কর্তৃক সম্পাদিত কার্যক্রম:

প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০২১ – জুন ২০২৬

প্রথম পর্যায়ঃ জুলাই ২০২১ – জুন ২০২৩, দ্বিতীয় পর্যায়ঃ জুলাই ২০২৩ – জুন ২০২৬

প্রাক্কলিত ব্যয়ঃ ৪২.২৩ কোটি (জি ও বি ১২.৪২ কোটি; প্রকল্প অনুদান ২৯.৮১ কোটি)

জুন ২০২২ পর্যন্ত ব্যয়ঃ ৪২৮.৭৫ লক্ষ (প্রকল্প অনুদানের খাত)

প্রকল্প জনবলঃ আন্তর্জাতিক পরামর্শক-৫ জন এবং দেশীয় পরামর্শক-৬ জন

STIRC মূলত কারিগরি সহায়তা প্রকল্প। এ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়ন এর নিমিত্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। তন্মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো সংক্ষেপে উল্লেখ করা হলোঃ-

১। নিরাপদ খাদ্য কর্মকর্তাগণের কার্যাবলির উপর প্রারম্ভিক জরিপঃ

জরিপ মেয়াদকালঃ ২১-২৩ সেপ্টেম্বর। এটি অনলাইন জুম প্লাটফর্ম এ সম্পন্ন হয়। ৬৫ জন নিরাপদ খাদ্য কর্মকর্তা এই জরিপে অংশগ্রহণ করেন।

২। দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণের প্রারম্ভিক জরিপঃ

জরিপ মেয়াদকালঃ ১০ অক্টোবর-০৭ নভেম্বর। ১০টি পাইলট জেলার ১৪০ জন নিরাপদ খাদ্য পরিদর্শক এই জরিপে অংশগ্রহণ করেন।

৩। পাইলট জেলার খাদ্যস্থাপনা এবং রেস্তোরাঁগুলির প্রারম্ভিক জরিপঃ

জরিপ মেয়াদকালঃ ১৭ নভেম্বর-০৩ ডিসেম্বর। ১০টি পাইলট জেলার ৭৮টি ক্ষুদ্র এবং মাঝারি খাদ্যস্থাপনায় STIRC প্রকল্প জরিপটি সম্পন্ন করে।

STIRC প্রকল্পের আওতায় মনিটরিং কার্যক্রম

৪। নিরাপদ খাদ্য জনসচেতনতামূলক জরিপ সম্পন্ন হয়েছে।

জরিপ বাস্তবায়ন মেয়াদকালঃ ০৯ নভেম্বর-২০ নভেম্বর। ৬৪ জেলার ৫২৫০ জন এই জরিপে অংশগ্রহণ করেন।

৫। পরীক্ষাগার সংক্রান্ত প্রারম্ভিক জরিপ সম্পন্ন হয়েছে।

২৩ জানুয়ারী থেকে ০২ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত দুই জন জাপানি বিশেষজ্ঞ এবং দেশীয় পরামর্শকগণ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত ল্যাবরেটরি পরীক্ষার বর্তমান পরিস্থিতি এবং পরীক্ষা কার্যক্রম নিয়ে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। ল্যাবরেটরি টেস্টিং এবং পরীক্ষার সুবিধাগুলির বর্তমান অবস্থা জানতে প্রকল্প দল ২টি পাবলিক (ডিএসসিসি এবং আইপিএইচ), ২টি বেসরকারী ল্যাবরেটরি (WAFFEN & ICDDRB), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সিলেট জেলা কার্যালয় এবং ৪টি সরবরাহকারী প্রতিষ্ঠান (সরঞ্জাম এবং কনজিউমএবল সামগ্রী) পরিদর্শন করেন।

৬। পাইলট জেলাসমূহে নিরাপদ খাদ্য বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন এর উপর কর্মশালাঃ

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে STIRC প্রকল্প ২২-২৪ ফেব্রুয়ারী, ২০২২ তিন দিনব্যাপী উক্ত কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় ১১টি পাইলটিং জেলার নিরাপদ খাদ্য কর্মকর্তা এবং প্রধান কার্যালয়ের পরিসংখ্যান কর্মকর্তাসহ প্রতিটি বিভাগ থেকে একজন করে সর্বমোট ২১ কর্মকর্তা উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন।

প্রকল্পের আওতায় নিরাপদ খাদ্য বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন এর উপর কর্মশালা

৭। বাংলাদেশ রেস্টুরেন্ট ওনার্স এসোসিয়েশনের সাথে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে STIRC প্রকল্প ৫ জানুয়ারি, ২০২২ এক দিনব্যাপী উক্ত কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় বাংলাদেশ রেস্টুরেন্ট ওনার্স এসোসিয়েশনের ৯ জন শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ অংশগ্রহণ করেছিলেন।

৮। বাংলাদেশ সুইটমিট মানুফ্যাকচারারস এসোসিয়েশনের সাথে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে STIRC প্রকল্প ১২ জানুয়ারি, ২০২২ এক দিনব্যাপী উক্ত কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় বাংলাদেশ সুইটমিট মানুফ্যাকচারারস এসোসিয়েশনের ১০ জন শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ অংশগ্রহণ করেছিলেন।

৯। খাদ্য প্রস্তুতকারক এবং রেস্তোরাঁগুলির জন্য খাদ্য স্বাস্থ্যবিধি বিষয়ক মৌলিক নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (বাংলা ও ইংরেজি সংস্করণ)।

মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর খাদ্য বিপত্তি সমূহ কিভাবে কারখানা/রেস্তরাঁয় আসে, অণুজীব নিয়ন্ত্রণ, রাসায়নিক খাদ্য বিপত্তি নিয়ন্ত্রণ এবং ভৌত খাদ্য বিপত্তি- (বহিঃস্থ বস্তু) বস্তু নিয়ন্ত্রণ বিষয়ে ২৩ পাতার একটি নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (বাংলা ও ইংরেজি সংস্করণ)। উক্ত নির্দেশিকাটি TOT প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রদান করা হবে।

১০।রেস্তোরাঁ কর্মীদের জন্য ব্যবহারিক নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (বাংলা ও ইংরেজি সংস্করণ)।

হোটেল-রেস্তোরাঁতে খাদ্য প্রস্তুতকরণের প্রতিটি ধাপে খাদ্য বিপত্তি নিয়ন্ত্রণ, স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা অনুশীলন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরিদর্শন চেকলিস্ট বিষয়ে ২২ পাতার একটি নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (বাংলা ও ইংরেজি সংস্করণ)। উক্ত নির্দেশিকাটি TOT প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রদান করা হবে।

১১। মিষ্টি কারখানার কর্মীদের জন্য ব্যবহারিক নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (বাংলা ও ইংরেজি সংস্করণ)।

মিষ্টি প্রস্তুতকরণের প্রতিটি ধাপে খাদ্য বিপত্তি নিয়ন্ত্রণ, স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা অনুশীলন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরিদর্শন চেকলিস্ট বিষয়ে ১৯ পাতার একটি নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (বাংলা ও ইংরেজি সংস্করণ)। উক্ত নির্দেশিকাটি TOT প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রদান করা হবে।

১২। দ্রুত পরীক্ষণের জন্য (Rapid Test) নিম্নবর্ণিত ৪টি এসওপি (SOP) প্রস্তুত করা হয়েছে।

ক্রমিক	এসওপি	এসওপি এর নাম
১.	এসওপি-১	দ্রুত পরীক্ষণের জন্য খাদ্য নমুনা সংগ্রহ, পরিবহন এবং সংরক্ষণ
২.	এসওপি-২	3M পেট্রিফিল্ম প্লেট ব্যবহার করে মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষণ (অ্যারোবিক প্লেট কাউন্ট)
৩.	এসওপি-৩	দ্রুত স্বাস্থ্যসম্মত পরিবেশ সনাক্তকরণ (SWAB পরীক্ষা)
৪.	এসওপি-৪	ল্যাবরেটরি সরঞ্জামাদির এর কার্য পদ্ধতি

১৩। ১১টি পাইলট জেলার জন্য ল্যাবরেটরি ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এর মাধ্যমে 3M পেট্রিফিল্ম প্লেট ব্যবহার করে মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষণ (অ্যারোবিক প্লেট কাউন্ট), আন্তর্জাতিকভাবে স্বীকৃত) এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ সনাক্তকরণ কিটের (SWAB পরীক্ষা) মাধ্যমে স্বাস্থ্যসম্মত পরিবেশ সনাক্তকরণ কার্যক্রম দ্রুত শুরু করা হবে।

STIRC প্রকল্পের আওতায় র‍্যাপিড টেস্ট ইকুইমেন্ট হস্তান্তরের স্থিরচিত্র

১৪। প্রাইমারি স্কুলের শিক্ষকদের ToT প্রশিক্ষণের প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরণ।

১১টি পাইলট জেলা (ঢাকা মেট্রোপলিটান, নারায়ণগঞ্জ, গাজীপুর, কুমিল্লা, ময়মনসিংহ, সিলেট, বগুড়া, দিনাজপুর, খুলনা, নওগাঁ, এবং বরগুনা) জেলার প্রতিটি উপজেলার একটি বিদ্যালয় থেকে ২ জন করে শিক্ষককে (শিক্ষক-১ এবং শিক্ষিকা-১) TOT প্রশিক্ষণ প্রদান এর জন্য খাদ্য নিরাপদতার মৌলিক বিষয়বস্তুর উপর ভিত্তি করে উক্ত প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ মডিউল TOT প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রদান করা হবে এবং প্রশিক্ষণ মডিউল এর সহায়তায় শিক্ষক মহোদয়গণ নিজ নিজ বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করবেন।

১৫। হোটেল-রেস্টুরেন্টের জন্য উত্তম ও খারাপ চর্চা সম্পর্কিত পোস্টার প্রস্তুতকরণ। হোটেল-রেস্টুরেন্টের জন্য উত্তম ও খারাপ চর্চা সম্পর্কিত ৫০০০ পোস্টার প্রস্তুত করা হয়েছে। ১১টি পাইলট জেলায় উক্ত পোস্টার বিতরণ করা হবে।

১৬। ঢাকা, বরগুনা, কুমিল্লা, এবং নওগাঁতে "মিষ্টি প্রস্তুতকারকদের মৌলিক খাদ্য নিরাপদতা ও স্বাস্থ্যবিধি" বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে STIRC প্রকল্প ১৩ মার্চ, ২০২২ এক দিনব্যাপী"মিষ্টি প্রস্তুতকারকদের মৌলিক খাদ্য নিরাপদতা ও স্বাস্থ্যবিধি" বিষয়ে কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় ঢাকা মেট্রোপলিটান ও ঢাকা জেলার ৩৫ জন মিষ্টি প্রস্তুতকারক কারখানার মালিক, ম্যানেজার ও কর্মী অংশগ্রহণ করেছিলেন।

খ) STIRC প্রকল্প ১৩ মার্চ, ২০২২ এক দিনব্যাপী গ্র্যান্ড খান রেসটুরেন্ট, বরগুনা তে "মিষ্টি প্রস্তুতকারকদের মৌলিক খাদ্য নিরাপদতা ও স্বাস্থ্যবিধি" বিষয়ে কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় বরগুনা জেলার ৪১ জন মিষ্টি প্রস্তুতকারক কারখানার মালিক, ম্যানেজার ও কর্মী অংশগ্রহণ করেছিলেন।

গ) STIRC প্রকল্প ২৩ মে, ২০২২ এক দিনব্যাপী অয়েসিস হোটেল কনভেনশন হল, কুমিল্লা তে "মিষ্টি প্রস্তুতকারকদের মৌলিক খাদ্য নিরাপদতা ও স্বাস্থ্যবিধি" বিষয়ে কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় কুমিল্লা জেলার ৩১ জন মিষ্টি প্রস্তুতকারক কারখানার মালিক, ম্যানেজার ও কর্মী অংশগ্রহণ করেছিলেন।

ঘ) STIRC প্রকল্প ২৩ মে, ২০২২ এক দিনব্যাপী ম্যানিলা চাইনিজ রেসটুরেন্ট, নওগাঁ তে "মিষ্টি প্রস্তুতকারকদের মৌলিক খাদ্য নিরাপদতা ও স্বাস্থ্যবিধি" বিষয়ে কর্মশালা আয়োজন করে। উক্ত কর্মশালায় নওগাঁ জেলার ৩১ জন মিষ্টি প্রস্তুতকারক অংশগ্রহণ করেছিলেন।

১৭। ভাল ও মন্দ অনুশীলনের উপর ভিত্তি করে ভিডিও প্রস্তুতকরণ। ব্যক্তিগত স্বাস্থ্যবিধি, পারস্পরিক দূষণ এবং আলাদা রাখার গুরুত্ব, খাদ্য বিপত্তিসমূহ, তাপমাত্রা নিয়ন্ত্রণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার ধাপসমূহ বিষয়ে ৩৫ মিনিটের ভিডিও প্রস্তুতকরণের কাজ হাতে নেওয়া হয়েছে এবং এটি প্রশিক্ষণ সহায়ক হিসাবে ব্যবহার করা হবে।

১৮। BFSA এর কার্যক্রম ডিজিটালাইজকরণ।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যাবলিসমূহ ডিজিটালাইজ করার জন্য একটি অ্যাপ্লিকেশন বা ওয়েবসাইট ডেভেলপ করা হবে। এটি ব্যবহারকারীদের জন্য সহায়ক হবে কারণ এটি সময়-সাশ্রয়ী, সুবিধাজনক এবং প্রতিটি প্রয়োজনীয় নথির সাথে আপডেট করা হবে। অ্যাপ্লিকেশন বা ওয়েবসাইট ডেভেলপ এর জন্য STIRC প্রকল্প বিএফএসএ সদর দপ্তর এবং জেলা কার্যালয় সমূহের সমস্যা, চ্যালেঞ্জ এবং বর্তমান কাজের প্রক্রিয়া চিহ্নিত করার জন্য সম্ভাব্যতা যাচাই শুরু করা হয়েছে। সম্ভাব্যতা যাচাই এর পরে, STIRC প্রকল্প একটি ডেমো অ্যাপ্লিকেশন সিস্টেম ডেভেলপ করবে এবং ০৩ মাস পর্যন্ত অ্যাপ্লিকেশন সিস্টেম এর আউটপুট পর্যবেক্ষণ করবে। সর্বশেষে পরামর্শকবৃন্দ আর্থিক বাজেট সহ অ্যাপ্লিকেশন সিস্টেমের একটি পূর্ণ ToR প্রস্তাব করবেন।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প

পটভূমি:

অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে লাল-সবুজের বাংলাদেশ আজ উন্নয়নের অগ্রযাত্রায় অদম্য। স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিলো একটি সুখী, সমৃদ্ধ, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত 'সোনার বাংলা'। সেই স্বপ্ন বাস্তবায়নের প্রত্যয়ে একটি সুস্থ-সবল, মেধাবি ও কর্মক্ষম জাতি গড়ার লক্ষ্যে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, আধুনিক বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।পিউর ফুড অর্ডিন্যান্স (**Pure Food Ordinance, 1959**) প্রবর্তনের পর দীর্ঘ সময় কালেও বাংলাদেশে নিরাপদ খাদ্য নিশ্চিত করা সম্ভব না হওয়ার কারণ হিসেবে যুগোপযোগী নিরাপদ খাদ্য আইন প্রণীত না হওয়া এবং আইন দ্বারা গঠিত নিরাপদ খাদ্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষ না থাকাসহ নিরাপদ খাদ্যসংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে সমন্বয়হীনতাকে চিহ্নিত করা হয়। বিষয়টির গুরুত্ব বিবেচনায় বাংলাদেশের আপামর মানুষের জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় ভেজাল ও দূষণমুক্ত নিরাপদ খাদ্যপ্রাপ্তির সাংবিধানিক অধিকার নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর যুগোপযোগী, বিচক্ষণ ও দূরদর্শী সিদ্ধান্তে 'নিরাপদ খাদ্য আইন ২০১৩' মহান জাতীয় সংসদে পাশ করা হয় এবং একটি কার্যকর কর্তৃপক্ষ প্রতিষ্ঠার উদ্দেশ্যে এ আইন প্রবর্তন করা হয়। ১ ফেব্রুয়ারি ২০১৫ থেকে কার্যকর এ আইনের অধীনে সরকার ২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' প্রতিষ্ঠা করে।

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে দক্ষ জনবল, প্রয়োজনীয় তথ্য সম্বলিত ডাটাবেইজ, খাদ্যবিষয়ে কল সেন্টার ও এ্যাপস নির্ভর অভিযোগ ও মতামত গ্রহণ ব্যবস্থা, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও কিটস সমৃদ্ধ মোবাইল ল্যাবরেটরি ইত্যাদি সুবিধা সৃষ্টির মাধ্যমে উন্নত ও কার্যকর মনিটরিং তথা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ' প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

প্রকল্পের উদ্দেশ্য:

- খাদ্যে ভেজাল ও দূষণ রোধ করার লক্ষ্যে খাদ্য ও খাদ্যোপকরণ তাৎক্ষণিক বিশ্লেষণ সুবিধার জন্য প্রয়োজনীয় সংখ্যক মোবাইল ল্যাবরেটরি চালু করা এবং খাদ্য নমুনা বিশ্লেষণের জন্য বিএফএসএ প্রধান কার্যালয়ে মিনি ল্যাবরেটরি ও ক্যামিকেল স্টোর স্থাপন করা;
- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্তৃপক্ষের কর্মকর্তা, কর্মচারি, অংশীজন এবং সংশ্লিষ্ট খাদ্যব্যবসায়ীদের নিরাপদ খাদ্য বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা;
- বিএফএসএ প্রধান কার্যালয়ে ডাটাবেইজ তৈরির মাধ্যমে সারাদেশের খাদ্যস্থাপনা, রেস্তোরাঁ ও বাজার ইত্যাদির হালনাগাদ তথ্য সংরক্ষণ ও নজরদারি (Surveillance) কার্যক্রম জোরদার করা;
- জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ খাদ্য সম্পর্কে জনসাধারণের অভিযোগ, আপত্তি, মতামত, পরামর্শ ও করণীয় সম্পর্কে অবহিত করার জন্য অনলাইন কল সেন্টার স্থাপন; এবং
- জাতীয় নিরাপদ খাদ্য দিবসসহ অনুরূপ অন্যান্য দিবসে র‍্যালি এবং প্রচার/প্রচারণা,টিভি ক্লিপ, ভিডিও ইত্যাদি প্রচার এবং বিভিন্ন প্রকাশনা (বুকলেট, লিফলেট, গাইডলাইনস, এসওপি) ইত্যাদি প্রকাশ ও বিতরণের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে সারাদেশে জনসচেতনতা বৃদ্ধি করা।

প্রকল্পের সার সংক্ষেপ

১. প্রকল্পের শিরোনাম : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ
২. উদ্যোগী মন্ত্রণালয় : খাদ্য মন্ত্রণালয়
৩. বাস্তবায়নকারী সংস্থা (সংস্থাসমূহ) : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ)
৪. পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ : কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
৫. প্রকল্প শুরুর তারিখ : ০১ জুলাই, ২০২১ খ্রি.
৬. প্রকল্প সমাপ্তির তারিখ : ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়):

মোট	:	৮৮০৫.৯৩ লক্ষ টাকা
জিওবি	:	৮৮০৫.৯৩ লক্ষ টাকা
নিজস্ব অর্থ	:	০.০০ লক্ষ টাকা
অন্যান্য	:	০.০০ লক্ষ টাকা

প্রকল্পের বছরভিত্তিক প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)

অর্থ বছর	টাকা (লক্ষ টাকায়)
২০২১-২০২২	**৯৯২.১৯**
২০২২-২০২৩	**৪৭৪৭.৪৮**
২০২৩-২০২৪	**১৯৩৯.২২**
২০২৪-২০২৫	**১১২৭.০৫**
মোট	**৮৮০৫.৯৩**



প্রকল্প এলাকা:

সমগ্র বাংলাদেশ

প্রকল্পের কার্যক্রম:

১. ডিজিটালাইজেশনের মাধ্যমে সার্ভিল্যান্স কার্যক্রম প্রতিষ্ঠা:

মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণ খাদ্য সম্পর্কিত বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, খাদ্য তৈরির কারখানা, সংরক্ষণাগার, পাইকারী ও খুচরা বিক্রেতার দোকান, স্থাপনা, হোটেল, ফল-মূলের দোকানসহ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের খাদ্য ও খাদ্যের উপকরণ নিয়মিতভাবে তদারক করে থাকেন এবং নিরাপদ খাদ্য আইন ২০১৩ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে থাকেন। তাদের এ সকল কার্যক্রমকে আরও বেগমান ও দৃশ্যমান করা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাথে সমন্বয় করার জন্য আধুনিক কলাকৌশল প্রয়োগের জন্য প্রকল্পের মাধ্যমে অনলাইন সার্ভিল্যান্স কার্যক্রম চালু করা হবে।

২. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জন্য ডাটাবেইজ প্রস্তুতকরণ:

নিরাপদ খাদ্য আইন ২০১৩ দেশব্যাপি কার্যকর করার জন্য খাদ্যব্যবসা ও উৎপাদনের সাথে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার এর তালিকা প্রণয়ন করা একান্ত প্রয়োজন। এ জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সারা দেশব্যাপি খাদ্য ব্যবসায়ের সহিত সম্পৃক্ত সকল উৎপাদনকারী, সরবরাহকারী, ব্যবসায়ী, মজুতকারী, খাদ্য প্রক্রিয়াজাতকারীগণ, আমদানী ও রপ্তানীকারকগণ, পাইকারী ও খুচরা ব্যবসায়ী, রেস্তোরাঁ ব্যবসায়ীদের এ প্রকল্পের মাধ্যমে উন্নত সফটওয়ার ব্যবহার করে একটি উন্নত ডাটাবেইজ তৈরি করা হবে এবং উক্ত ডাটাবেইজ ব্যবহার করে খাদ্যস্থাপনা পরিদর্শন, মনিটরিং এবং খাদ্যের নিরাপদতা রক্ষার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. মোবাইল ল্যাবরেটরি চালুর মাধ্যমে খাদ্যপরীক্ষণ সুবিধা বৃদ্ধিকরণ:

খাদ্যে ভেজাল ও দূষণ রোধ করার লক্ষ্যে খাদ্য ও খাদ্যোপকরণ তাৎক্ষণিক বিশ্লেষণ সুবিধার জন্য প্রকল্পের আওতায় প্রাথমিক পর্যায়ে ০৮ (আট)টি বিভাগে ০৮ (আট)টি মোবাইল ল্যাবরেটরি চালু করা হবে। মোবাইল ল্যাবরেটরি চালুর মাধ্যমে দেশব্যাপি খাদ্যের তাৎক্ষণিক পরীক্ষা সুবিধা সম্প্রসারণ ও জনসচেতনতা বৃদ্ধি করা এবং প্রধান কার্যালয়ে মিনি ল্যাবরেটরি ও ক্যামিকেল স্টোর স্থাপনের মাধ্যমে নমুনা বিশ্লেষণ সুবিধা প্রতিষ্ঠা করা হবে।

৪. সচেতনতামূলক কার্যক্রম

সারা দেশে সকল শ্রেণি ও পেশার জনসাধারণের মধ্যে খাদ্য নিরাপদতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির কার্যক্রম গ্রহণ করা হবে। এ কার্যক্রমের আওতায় কেন্দ্রীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে মোট ১৫৫০টি কর্মশালা/সেমিনার/র‍্যালি আয়োজন করা হবে। এ সকল কার্যক্রমের মাধ্যমে খাদ্য ব্যবসা সম্পর্কিত স্টেকহোল্ডারসহ সমাজের সকল শ্রেণির জনসাধারকে ভেজাল খাদ্য সম্পর্কে সচেতন করা এবং করণীয় সম্পর্কে অবহিত করা হবে। প্রকল্পের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির জন্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হবে। বিভিন্ন টিভি চ্যানেলে সচেতনতামূলক সিনেমা, ভিডিও, প্রতিবেদন তৈরি ও প্রচারের কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। নিরাপদ খাদ্য আইন ২০১৩ ও নিরাপদ খাদ্য গ্রহণের প্রয়োজনীয়তার তথ্য সম্বলিত বিলবোর্ড সকল বিভাগ, জেলা এবং উপজেলায় স্থাপনসহ নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতামূলক বিজ্ঞাপন,টিভি ক্লিপ, ভিডিও ইত্যাদি প্রচার করা হবে। এছাড়া দেশের আনাচে-কানাচে পোস্টার ও লিফলেট বিতরণের মাধ্যমে জনসাধারণসহ সকল স্টেকহোল্ডারকে খাদ্য নিরাপদতা সম্পর্কে সচেতন করার কার্যক্রম গ্রহণ করা হবে।

নওগাঁ জেলা কর্মশালায় উপস্থিত মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি

৫. কল সেন্টার স্থাপন:

সারাদেশে ভেজাল খাদ্য সম্পর্কে জনগণের মধ্যে আতঙ্ক ও সংশয়ের উদ্রেক হয়েছে। কিন্তু এ ব্যাপারে সঠিক তথ্য ও অনুসন্ধানের জন্য কোন ব্যবস্থা নেই, ফলে জনগণ 'নিরাপদ খাদ্য আইন ২০১৩' এর আলোকে তার করণীয় সম্পর্কে অবহিত নয়। জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ খাদ্য সম্পর্কে জনসাধারণের অভিযোগ, আপত্তি, মতামত ও পরামর্শ তাৎক্ষণিকভাবে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং এ বিষয়ে পরামর্শ ও করণীয় সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য অনলাইন কল সেন্টার স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। কলসেন্টারের মাধ্যমে খাদ্য ও পুষ্টি বিশেষজ্ঞগণ সমস্যা সমাধানে প্রশ্নের উত্তর প্রদান করবেন।

৬. প্রশিক্ষণ কার্যক্রম:

প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। নিরাপদ খাদ্য আইন ২০১৩, জনস্বাস্থ্য রক্ষার্থে খাদ্য নিরাপদতা সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান অর্জন এবং সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দক্ষ প্রশিক্ষকের মাধ্যমে বিভিন্ন খাদ্য ব্যবসা প্রতিষ্ঠানের মালিক, খাদ্য তৈরির কারখানার কর্মচারী, পাইকারী ও খুচরা বিক্রেতা, হোটেল/রেস্তোরাঁ মালিক এবং ফল-মূলের ব্যবসায়ীসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদানের জন্য এ প্রকল্পে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

প্রশিক্ষণ সমাপনান্তে সনদ বিতরণ

প্রকল্পের সুবিধাভোগী জনগোষ্ঠী:

সারা দেশের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রায় ২৫ লক্ষ খাদ্যসংশ্লিষ্ট ব্যবসায়ীর মধ্যে থেকে প্রকল্পের মাধ্যমে প্রথম বারের মত ১,৫৭,২৪০ (এক লক্ষ সাতান্ন হাজার দুইশত চল্লিশ) জন অংশীজনকে সম্পৃক্ত করা হবে। সরাসরি প্রশিক্ষণের মাধ্যমে ১৬৪০ জন, কর্মশালার মাধ্যমে ৮০০০ জন এবং উপজেলা পর্যায়ে র‍্যালির মাধ্যমে ১,৪৭,৬০০ জন খাদ্য উৎপাদনকারী, ব্যবসায়ী, উৎপাদনে জড়িত কর্মচারী, হোটেল ব্যবসায়ী ও কর্মচারী, ফল বিক্রেতাসহ বিভিন্ন স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ ও জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে জনগণের নিরাপদ খাদ্য নিশ্চিত করা হবে।

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি:

ক্রমিক	কার্যক্রমের বিবরণ	২০২১-২০২৪ লক্ষ্যমাত্রা	২০২১- ২০২২ অর্থ বছরে অর্জন
১.	জনসচেতনতামূলক অডিও ভিডিও/চলচ্চিত্র নির্মান	১০টি	-
২.	জনসচেতনতামূলক বিলবোর্ড স্থাপন	৪৯৭টি	-
৩.	বুকলেট, লিফলেট, গাইডলাইন, এসওপি ইত্যাদি তৈরি ও বিতরণ	থোক	১.২ লক্ষ
৪.	খাদ্য ব্যবসার সাথে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ	৬০ ব্যাচ	১২ ব্যাচ
৫.	প্রকল্পের ল্যাব যন্ত্রপাতি পরিচালনা বিষয়ে কর্মকর্তা কর্মচারিদের	৭ ব্যাচ	-
৬.	ওয়ার্কশপ ও সেমিনার (কেন্দ্রীয়-২, বিভাগীয়-৮, জেলা-৬৪)	৭৪টি	৮টি
৭.	উপজেলা পর্যায়ে জাতীয় নিরাপদ খাদ্য দিবস ও অনুরূপ দিবস উপলক্ষে প্রচার প্রচারণা ও র‍্যালি আয়োজন	১৪৭৬টি	৬৩টি
৮.	মোটর সাইকেল বিতরণ (জেলা অফিস ও সদর দপ্তর)	৬৮টি	৩৭টি
৯.	মিনি ল্যাবরেটরি কাম সাইনটিফিক ষ্টোর স্থাপন	১টি	ফেব্রিকেশন সম্পন্ন
১০.	কম্পিউটার (ডেস্কটপ-৬৮ ও ল্যাপটপ-৬৮), লেজারজেট প্রিন্টার-৬৮, ইউপিএস-৬৮ ও অন্যান্য সরঞ্জাম বিতরণ (জেলা অফিস ও সদর দপ্তর)	২৭২টি	ডেস্কটপ-১০টি ও ল্যাপটপ-১৭টি প্রিন্টার-৭টি
১১.	ফটোকপিয়ার-৬৮, ফ্যাক্স-৬৮, স্ক্যানার-৬৮, মাল্টিমিডিয়া (প্রজেক্টর স্ক্রিন সহ)-৬৬, বিতরণ (জেলা অফিস ও সদর দপ্তর)	২৭০টি	-
১২.	আসবাবপত্র বিতরণ (প্রকল্প অফিস ও জেলা পর্যায়ের অফিসসহ)		প্রকল্প অফিসে সরবরাহ সম্পন্ন
১৩.	মোবাইল ল্যাবরেটরি (ভেইকেল, যন্ত্রপাতিসহ) সংগ্রহ	৮টি	কার্যক্রম প্রক্রিয়াধীন
১৪.	রেফ্রিজারেটর (-২০ ডিগ্রি সে. ল্যাবগ্রেড) (জেলা অফিস ও সদর	৭০টি	-
১৫.	আইস বক্স ও সেম্পল কালেকশন কিট বিতরণ (জেলা অফিস ও	৪৯২টি	-
১৬.	ডাটা বেইজ স্থাপন	১টি	-
১৮.	কল সেন্টার স্থাপন	১টি	বিটিআরসি থেকে শর্ট কোড নম্বর পাওয়া গেছে



প্রকল্পের আওতায় মোটরসাইকেল বিতরণ

উপসংহার:

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন "আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন'। তাঁর স্বপ্নই ছিল একটি সুখী, সমৃদ্ধ, ক্ষুধামুক্ত ও দারিদ্যমুক্ত সোনার বাংলাদেশ গড়ার। বঙ্গবন্ধুর এ স্বপ্ন বাস্তবায়নে প্রয়োজন সুস্থ, সবল, সৃজনশীল ও দক্ষ জনবল। আর এ জনবল তৈরি এবং জাতির পিতার স্বপ্নকে বাস্তবে রূপ দেবার লক্ষ্যে অনেক প্রতিবন্ধকতাকে অতিক্রম করে দেশ আজ খাদ্যে স্বয়ংস্পূর্ণ। বাংলাদেশ আজ খাদ্য রপ্তানীকারক দেশ। এখন দেশের লক্ষ্য নাগরিকদের উন্নত জীবনযাত্রা নিশ্চিত করা। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তীতে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে যার যার অবস্থান হতে যথাযোগ্য ভূমিকা পালনের মাধ্যমেই জাতির পিতার স্বপ্ন সফল ও স্বার্থক হবে। পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা চ্যালেঞ্জিং কাজ তবে অসম্ভব নয়। ২০৩০ এর মধ্যে এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ তথা বঙ্গবন্ধুর 'সোনার বাংলা' গড়তে হলে কেবল খাদ্য উৎপাদন বৃদ্ধিই যথেষ্ট নয় বরং নিরাপদ ও পুষ্টিসম্মত খাদ্যের মাধ্যমে অপুষ্টির অভাব দূর করে সুস্থ সবল মেধাবী জাতি গঠন নিশ্চিত করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে গত ১৪ বছররে শাসনামলে বাংলাদেশ বিশ্বের বুকে একটি আত্মমর্যাদাশীল দেশ হিসেবে প্রতষ্ঠিা পয়েছে। আর্থ-সামাজিক এবং অবকাঠামো খাতে বাংলাদশের বিস্ময়কর উন্নয়ন সাধিত হয়েছে। দ্য ইকোনমিস্ট-এর ২০২০ সালের প্রতিবেদন অনুযায়ী ৬৬টি উদীয়মান সবল অর্থনীতির দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ৯ম। ওর্য়াল্ড ইকোনমিক লিগ টেবিল-এর পূর্বাভাস অনুযায়ী ২০৩৩ সাল নাগাদ বাংলাদেশ হবে বিশ্বের ২৪তম বৃহত্তম অর্থনীতির দেশ। বাংলাদেশ এখন দক্ষিণ এশিয়ায় দ্বিতীয় বৃহত্তম অর্থনীতির দেশ। তারই সূত্র ধরে এবারের জাতীয় নিরাপদ খাদ্য দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে "সু-স্বাস্থ্যের মূলনীতি, নিরাপদ খাদ্য ও স্বাস্থ্যবিধি"।

উপর্যুক্ত প্রেক্ষাপটে আমরা বলতে পারি দেশের খাদ্যশৃঙ্খলের বিভিন্ন ধাপে বিশেষ করে খাদ্য উৎপাদন হতে খাদ্য গ্রহণ পর্যন্ত খাদ্যকে জনগণের জন্য নিরাপদ করা খুবই জরুরি। এক্ষেত্রে নিরাপদ খাদ্যপ্রাপ্তি নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, বিপণন ও বিক্রয় সংশ্লিষ্ট প্রত্যেক পর্যায়ে সমস্যাবলি এবং চ্যালঞ্জেসমূহ চিহ্নিত করে উত্তোরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হব। দেশে মানুষের জন্য খাদ্য নিরাপত্তার পাশাপাশি নিরাপদ খাদ্য সংস্থানের মাধ্যমে এসডিজির অভীষ্টসমূহ অর্জনে পর্যাপ্ত বিনিয়োগ, দক্ষ ও প্রশিক্ষিত জনশক্তি নিয়োগ, বিএফএসএ-এর কার্যক্ষেত্র সম্প্রদসারণ, সক্ষমতা বৃদ্ধি, বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে খাদ্যশৃঙ্খলের নিরাপদতার মান উন্নয়ন, তদারকি, আইনের প্রয়োগের ক্ষেত্রে বিশেষজ্ঞ পরার্মশ এবং সর্বোপরি আন্তর্জাতিক অংশীদারিত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ মাত্র ছয় বছরের একটি নবীন সংস্থা; এ সংস্থাকে যথাযথভাবে কার্যকর এবং শক্তিশালী করার জন্য সরকারের ও রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ের দিকনির্দেশনা মূখ্য ভূমিকা পালন করবে। ফলশ্রুতিতে সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের উন্নয়নশীল দেশ, ২০৩০ সালের মধ্যে এসডিজি লক্ষ্যমাত্রা র্অজন এবং ২০৪১ সালে উন্নত দেশ হিসেবে বাংলাদেশ আত্মপ্রকাশ করবে এবং দেশের সকল মানুষের পুষ্টিসম্মত নিরাপদ খাদ্যপ্রাপ্তি নিশ্চিত হবে-এ প্রত্যাশা হোক আমাদের সকলের।

২৭. কারিগরি কমিটির সদস্যবৃন্দের তালিকা:

ক্রমিক	কারিগরি কমিটির নাম	কমিটির সদস্যবৃন্দের নাম
(১)	খাদ্যদ্রব্যে মিশ্রিত পদার্থ, খাদ্য সংশ্লিষ্ট স্বাদগন্ধযুক্ত পদার্থ এবং প্রক্রিয়াকরণ সহযোগী ও বস্তু বিষয়ক ((Food Additives, Flavoring, Processing Aids & Materials)	১। **Dr. Md. Borhan Uddin,** Prof. (retd), Department of Food Technology & Rural Industries, Bangladesh Agricultural University ২। **Dr. Md. Zahurul Hoque,** Director (retd), Institute of Food Science & Technology (IFST), BCSIR ৩। **Dr. Md. Humayun Kabir,** Director (rtd) BSTI and Ex. DG. SARSO ৪। **Dr. Abu Torab Md. Abdur Rahim,** Professor, Institute of Nutrition and Food Science, DU ৫। **Dr. Ismail Hossain,** Professor, Department of Fisheries, BAU ৬। **Dr. Shahnila Ferdousi,** Professor, Dhaka medical College & Head, Food safety Laboratory, IPH ৭। **Dr. Mala Khan,** Director, Designated Reference Institute for Chemical Measurement, BCSIR ৮। **Dr. Miaruddin,** Chief Scientific officer, Bangladesh Agricultural Research Institute (BARI) ৯। **Prof. Dr. Md. Samsuddin,** Redd. Prof. BAU and V.C. German University
(২)	কীটনাশক ও এন্টিবায়োটিকের অবশিষ্টাংশ বিষয়ক (Pesticides & Antibiotics Residues)	১। **Dr. Atiq Rahman,** Executive Director of BCAS ২। **Akhter Hossain Chowdhury** Professor, Department of Agriculture Chemistry Bangladesh Agricultural University (BAU) ৩। **Dr. Md. Mahbubur Rahman** Project Coordinator , Emerging Infections Infectious Diseases Division, ICDDR-B ৪। **Dr. MD. Mehedi Hasan** Director (retd) Department of livestock ৫। **Dr. Sk. Nazrul Islam** Professor & Director Institute of Nutrition and Food Science (INFS), DU

ক্রমিক	কারিগরি কমিটির নাম	কমিটির সদস্যবৃন্দের নাম
		৬। **Dr. Sultan Ahmed** Principal scientific officer Bangladesh Agricultural Research Institute, Gazipur ৭। **Dr. Kamrul Hasan** Professor, Department of Horticulture Bangladesh Agricultural University (BAU) ৮। **Dr. Shamshad B. Quraisi** Chief scientific officer Bangladesh Atomic Energy commission ৯। **Nittya Ranjon Biswas** Add. DG (Retd), Department of Fisheries
(৩)	জেনেটিক্যালি সংশোধিত জীবাণু ও খাদ্য বিষয়ক (Genetically Modified Organisms and Foods)	১। **Dr. Imdadul Hoque,** Professor, Department of Botany and Dean, Faculty of Biological Sciences. University of Dhaka. ২। **Mr. Soliaman Haider,** Director, Department of Environment and Member Secretary, Biosafety, Core Committee (BCC), DoE ৩। **Dr. Aporna Islam,** Associate Professor, Department of Biotechnology, BRAC University and Country manager, South Asia Biosafety Program (SABP) ৪। **Dr. Zeba Islam Seraj,** Professor, Department of Biochemistry and Molecular Biology, University of Dhaka ৫। **Dr. Yusuf Akand,** Principal Scientific Officer, Biotechnology Division, Bangladesh Agricultural esearch Institute (BARI) ৬। **Dr. Shahidul Islam,** Professor, Department of Biotechnology, Bangladesh Agricultural University (BAU) ৭। **Dr. Md. Aziz Zillani Chowdhury,** Member Director (Crops), Bangladesh Agriculture Research Council (BARC) ৮। **Professor Dr. Md. Ashraful Hoque,** Department of Genetic Engineering and Plant Breeding, Bangladesh Agricultural University

ক্রমিক	কারিগরি কমিটির নাম	কমিটির সদস্যবৃন্দের নাম
(৪)	জৈবিক ঝুঁকি (Biological Risk and Biosecurity) বিষয়ক	১। **Dr. Md Abdul Malek,** Professor, Department of Microbiology, University of Dhaka ২। **Dr. Latiful Bari,** Principal Scientific Officer, Center for Advance Research and Studies (CARS), University of Dhaka ৩। **Dr. Zahid Hayat Mahamud,** Head of Environmental lab, International Centre for Diarrhoeal, Disease Research, Bangladesh (ICDDR-B) ৪। **Dr. Shamima Begum,** Professor, Department of Microbiology, Jagannath University, Dhaka ৫। **Professor Dr. Mozibur Rahman,** Department of Microbiology, University of Dhaka ৬। **Dr. Md. Tanvir Rahman,** Professor, Department of Microbiology and Hygiene, Bangladesh Agricultural University (BAU) ৭। **Dr. Asadul Ghani,** Head Biosafety, International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh (ICDDR-B). ৮। **Dr. Ali Azam Talukder,** Professor, Department of Microbiology, Jahangirnagar University.
(৫)	খাদ্য শৃঙ্খলে দূষিত বস্তু বিষয়ক (Contaminants in The Food Chain)	১। **Mr. Golam Rahman,** Chairman, Consumer Association of Bangladesh (CAB) ২। **Dr. Emdadul Hoque,** Professor, Department of Botany & Dean, Biological Faculty, Dhaka University ৩। **Dr. Shah Monir Hossain,** Director General (Retd), Directorate General of Health Services. ৪। **Dr. Abdul Malek,** Professor, Department of Microbiology, Dhaka University ৫। **Dr. Md. Mokhlesur Rahman,** Professor, Dept. of Agricultural Chemistry, Bangladesh Agriculutural University. ৬। **Dr. Husna Parveen,** Director (Retd), Bangladesh Council of Scientific & Industrial Research (BCSIR)

ক্রমিক	কারিগরি কমিটির নাম	কমিটির সদস্যবৃন্দের নাম
		৭। **Dr. Aynul Hoque,** Director (Research), Department of livestock ৮। **Dr. Giash Uddin,** Chief Scientific Officer, Bangladesh livestock Research Institute (BLRI) ৯। **Dr. Iqbal Rouf Mamun,** Professor, Department of Chemistry, DU & Former Member, BFSA.
(৬)	মোড়ক পরিচিতি বিষয়ক (Labeling and packaging)	১। **Ms. Majeda Begum,** Retd. Director & Member, BCSIR, Former Member, Bangladesh Food Safety Authority (BFSA) ২। **Engr. Liaqual Ali,** Former Director BSTI, & Ex. DG, Bangladesh Accreditation Board (BAB) ৩। **Dr. Shah Mustafizur Rahman,** Head Food safety Unit, Institute of Public Health (IPH), Directorate General of Health ৪। **Mr. Golam Rahman,** Former Secretary, Government of Bangladesh and Chairman, *Consumers Association of Bangladesh (CAB)* ৫। **Mr. Nurul Afsar,** Former Director, General of Food and Former NTL, FAO Project ৬। **Director CM/Standard of BSTI,** to be nominated by DG Bangladesh Standards & Testing Institution (BSTI) ৭। **Mr. Moinul Hoque,** Retd Add. Sec. and Former Member, Bangladesh Food Safety Authority (BFSA) ৮। **Dr. Mozammel Hoque,** Professor, Department of Food and Tea Technology, Shahjalal University of Science and Technology (SUST)

২৮. বিগত (২০২১-২২) অর্থবছরের গ্রেডিং এবং রিগ্রেডিংকৃত হোটেল-রেস্তোরাঁ সমূহ:

২৮.১ গ্রেডিংকৃত হোটেল রেস্তোরাঁর মূল্যায়ণ ফলাফল:

SL.No.	Name	Address	Grade	Obtained marks	Certificates No
1.	Nobabi vhuj	Baily road , Dhaka	A	80	BFSA 202100000107
2.	Nobabi vhuj	Baily road, Dhaka	A	81	BFSA 202100000108
3.	Tawa Restaurant	1178 Choumatha C & B road, Barishal.	A	80	BFSA 202100000109
4.	Café Star	Battala , Barishal	A	80	BFSA 202100000110
5.	Hotel Grand	Bandh road ,	A+	91	BFSA 202100000111
6.	Deshi Vhuj	Ronals Road, Jhalkathi	A	86	BFSA 202100000112
7.	Burger Club Food court	Kamarpotty, Jhalkathi	A	84	BFSA 202100000113
8.	Noha Garden Chinese Restaurant & fastfood	Sadar Road,Jhalkathi	B	70	BFSA 202100000114
9.	KFC	Khilgaon	A+	93	BFSA 202100000115
10.	Premium sweets	Gulshan-2, Dhaka	A+	92	BFSA 202100000116
11.	Premium sweets	Gulshan-1, Dhaka	A+	90	BFSA 202100000117
12.	KFC	Dhanmondi-5, Dhaka	A+	93	BFSA 202100000118

SL.No.	Name	Address	Grade	Obtained marks	Certificates No
13.	Bonjour	Golden Plaza, GEC circle, Chittagong	A+	92	BFSA 202100000120
14.	Friolento	Navana Avenue, CRB, Chittagong.	C	61	BFSA 202100000121
15.	KFC Chittagong	CDA Avenue, Sanmar, Chittagong	A+	91	BFSA 202100000123
16.	Sultan's Dine	Masjid golli, 2 No Gate, Nasirabad , Chittagong	A	88	BFSA 202100000124
17.	Red Chilli Restaurant, BFSA	MA Aziz Stadium, Chittagong	C	60	BFSA 202100000125
18.	Zaman Hotel And Biriyani House	GEC Circle, Chittagong	C	59	BFSA 202100000126
19.	Burger King	Balaka Cinema Hall, Dhaka	A+	95	BFSA 202100000127
20.	Nobabi vhuj	Lalbagh, Dhaka	A	88	BFSA 202100000128
21.	KFC	Mirpur -12, Dhaka	A+	92	BFSA 202100000129
22.	Sarinda restaurant	Mymensingh	B	76	BFSA 202100000130
23.	Nobabi restaurant	Notun bazar,Mymensingh	A	81	BFSA 202100000131
24.	Saffron	Rambabu Road,Mymensingh	B	77	BFSA 202100000132
25.	Avanti Aroma	Rambabu Road,Mymensingh	A	87	BFSA 202100000133
26.	Bread And Beyond	West Basabo,Dhaka	A+	91	BFSA 202100000134
27.	Premium Sweets	Motijheel,Dhaka	A+	92	BFSA 202100000135
28.	Nobabi Bhuj	Mohammadpur,Dhaka	A	80	BFSA 202100000136
29.	Premium Sweets	Sector-07, Uttara, Dhaka	A	88	BFSA 202100000137

SL.No.	Name	Address	Grade	Obtained marks	Certificates No
30.	Kasundi	Khilkhet , Dhaka	C	53	BFSA 202100000138
31.	Swiss Bakery	1/c New baily Road ,Dhaka	A	87	BFSA 202100000139
32.	Wood house Grill	11/F Banani, Dhaka	A+	94	BFSA 202100000140
33.	Al faham Restaurant	Purana paltan, Dhaka	B	78	BFSA 202100000141

২৮.২ রি-গ্রেডিংকৃত হোটেল রেস্তোরাঁর পুনঃমূল্যায়ণ ফলাফল:

SL. No.	Name	Address	Grade	Obtained marks	Certificates No	Previo uas grade
